# উদ্ভাবনী উদ্যোগ এবং সেবা সহজীকরণের ডকুমেন্টেশন

# ২০২০-২০২১










**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**সার্বিক তত্ত্বাবধানেঃ**

অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার

**সম্পাদনায়ঃ**

ইনোভেশন টিম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ইনোভেশন টিম, মহিলা বিষয়ক অধিদপ্তর

ইনোভেশন টিম, জাতীয় মহিলা সংস্থা

ইনোভেশন টিম, বাংলাদেশ শিশু একাডেমি

ইনোভেশন টিম, জয়িতা ফাওন্ডেশন

**প্রকাশের তারিখঃ**

২০-০৫-২০২১ খ্রিঃ

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| ০১ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত | ০৪ |
| ০২ | ইনোভেশন টিম পরিচিত | ০৫ |
| ০৩ | ২০২০-২০২১ অর্থবছরের মন্ত্রনালয় এবং দপ্তর/সংস্থা হতে গৃহীত ইনোভেশন আইডিয়া এবং সেবা সহজীকরনের উদ্যোগ সমূহ | ০৮ - ৩৮ |
| ০৪ | ইনোভেশন কর্মশালা ও প্রশিক্ষণ | ৩৯ |
| ০৫ | শোকেসিং | ৪১ |
| ০৬ | শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ | ৪২ |
| ০৭ | ডিজিটাল সেবার তালিকা (২০২০-২১ অর্থবছরে চালুকৃত) | ৪৩ |

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার ২০২১ সালের রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে নারী ও শিশুদের উন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশের জনসংখ্যার এক বিশাল অংশ নারী ও শিশু। তাদের উন্নয়ন তাই জাতীয় উন্নয়নের অন্যতম পূর্বশর্ত। নারী ও শিশুর সার্বিক অধিকার প্রতিষ্ঠা, ক্ষমতায়ন এবং সামগ্রিক উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণের জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে কাজ করছে সরকার। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সরকারের নির্বাচনী ইশতেহারের আলোকে নারী দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। নারীর ক্ষমতায়ন, নারী নির্যাতন বন্ধ, নারী পাচার রোধ, কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা বিধান এবং আর্থ-সামাজিক কর্মকান্ডের মূল ধারায় নারীর পূর্ণ ও সম অংশগ্রহণ নিশ্চিত করা সহ নারীর সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করাই প্রধান লক্ষ্য। নারীদের ব্যাপক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, শ্রমবাজারে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পৃষ্ঠপোষকতা প্রদানের মধ্য দিয়ে অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করার ক্ষেত্রে ব্যাপক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## ভিশন ও মিশন

ভিশনঃ জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত শিশু।

মিশনঃ নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং নারীর ক্ষমতায়নসহ উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্তকরণ।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন কার্যক্রম

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। পৃথিবীর অনেক দেশেই সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রণয়নে ইনোভেশন টিমসমূহ উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবন-চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম 'গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে একটি প্রজ্ঞাপন জারি করে। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন পর্যায়ে প্রায় সহস্রাধিক ইনোভেশন টিম গঠিত হয়েছে। এরই প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রতি বছর বিভিন্ন ইনোভেশন/উদ্ভাবনের উদ্যোগ নেয়া হয় এবং তা বাস্তবায়ন করা হয়।

২০২০-২০২১ অর্থ বছরে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা হতে ৯ টি ইনোভেশন আইডিয়া এবং ০২ টি সেবা সহজীকরণের উদ্যোগ পাইলটিং এর জন্য নির্বাচন করা হয়েছিল। তন্মধ্যে ০৭ টি ইনোভেশন আইডিয়ার এবং ০২ টি সেবা সহজীকরণের পাইলটিং সম্পন্ন হয়েছে।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের ইনোভেশন টিম

| | নাম ও পদবী | ইমেইল/যোগাযোগ নম্বর |
|---|---|---|
| ১ | ফরিদা পারভীন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | চীফ ইনোভেশন অফিসার<br>additionalsecretaryadmin@mowca.gov.bd<br>০১৫৫২৩১০১০৮ |
| ২ | মোঃ মুহিবুজ্জামান<br>যুগ্মসচিব (প্রশাসন) | সদস্য<br>jsadmin@mowca.gov.bd<br>০১৫৫২৩০৬০৩৬ |
| ৩ | মোসাঃ ফেরদৌসী বেগম<br>উপসচিব (বাজেট ও অডিট অধিশাখা) | সদস্য<br>dsbudget@mowca.gov.bd<br>০১৫৫২৩৯৭৯৯৬ |
| ৪ | জনাব মাহমুদ আলী<br>যুগ্মসচিব (পরিকল্পনা-২) | সদস্য<br>planning-2@mowca.gov.bd<br>০১৮১৮৬৪১৪৬৪ |
| ৫ | জগদীশ চন্দ্র দেবনাথ<br>উপসচিব (উন্নয়ন-২) | সদস্য<br>dsdev-2@mowca.gov.bd<br>০১৭৩৭৪৩৪৩৩৫ |
| ৬ | মোহাম্মদ ইয়ামিন খান<br>উপসচিব (প্রশাসন-১) | সদস্য<br>dsadmin@mowca.gov.bd<br>০১৭১৮২৮০২৬৮ |
| ৭ | মোঃ ইনামুল হক<br>প্রোগ্রামার | সদস্য সচিব<br>programmer@mowca.gov.bd<br>০১৭৩৪৬৪৬৮০২ |

## মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন টিম

| | নাম ও পদবী | ইনোভেশন টিমে দায়িত্ব | মোবাইল |
|---|---|---|---|
| ১. | উপ পরিচালক (ম্যাজিস্ট্রেট ) | ইনোভেশন অফিসার | ০১৭২৬০৭৭০৫৫ |
| ২. | উপ পরিচালক (প্রশাসন ) | সদস্য | ০১৭১৫৮১৬৫৮৯ |
| ৩ | উপ পরিচালক (অর্থ ) | সদস্য | ০১৭১৫১১৬১১৩ |
| ৪. | উপ পরিচালক (পরিকল্পনা) | সদস্য | ০১৭১১১৬১৬১৯ |
| ৫. | উপ পরিচালক (প্রশিক্ষণ) | সদস্য | ০১৭১১৯০০১৮৮ |
| ৬. | উপ পরিচালক ( ভিজিডি) | সদস্য | ০১৭৩১৫১৯০৫৫ |
| ৭. | গবেষণা কর্মকর্তা (গৃহসেবা) | সদস্য | ০১৯১৬৮১৯২৮২ |
| ৮. | প্রোগ্রাম অফিসার (ই-ফাইলিং) | সদস্য | ০১৭১২৫৫০১৪৩ |
| ৯. | রুবিনা গনি, কর্মসূচি পরিচালক ও ওয়েব সাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য | ০১৭১২৫৮০৯৬ |
| ১০ | বিবি তহুরা, সহকারী পরিচালক (সচেতনতা) | সদস্য | ০১৭১৬৩৯১৬৫৭ |
| ১১ | নাজনীন ফেরদৌস মজুমদার, প্রোগ্রাম অফিসার (ল্যাকটেটিং) | সদস্য | ০১৫৩৬১৫৩৫০১ |
| ১২ | হাসিনা আখতার খানম, সহকারী পরিচালক(অর্থ) | সদস্য সচিব | ০১৭১৫১১২২০৬ |

## জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিম

| ক্র. নং | নাম ও পদবী | ইনোভেশন টিমে দায়িত্ব | মোবাইল | ইমেইল |
|---|---|---|---|---|
| ১। | জি. এম. রফিকুল ইসলাম, পরিচালক, জামস | আহ্বায়ক | ০১৮১৯১৩০৭৮৭ | rafiqliya@gmail.com |
| ২। | তাহমিনা সুলতানা, উপপরিচালক, জামস | সদস্য | ০১৭১৮১৫৬৫৪৩ | tahaminasultana16@gmail.com |
| ৩। | তাহসিনা বেগম, উপপরিচালক, জামস | সদস্য | ০১৮১৫৪৬১২৫৫ | tahsinabegum25@gmail.com |
| ৪। | মোহাম্মদ আলী চৌধুরী, দাঃপ্রাঃ সহকারী পরিচালক (প্রকাশনা), জামস | সদস্য | ০১৯২৭০৭৮২৩০ | mohammadalichowdhury@outlook.com |
| ৫। | শ্রী বিনয় কুমার রায় (প্রশিক্ষক) জেভিমকপ্রপ্র(৬৪ জেলা), জামস | সদস্য | ০১৭৫৬৯০০৭১০ | binoyroy710@gmail.com |
| ৬। | মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জামস | সদস্য সচিব | ০১৭২০২৫৬২৪৫ | masomajms@gmail.com |

## বাংলাদেশ শিশু একাডেমির ইনোভেশন টিম

| ক্র. নং | নাম ও পদবী | ইনোভেশন টিমে দায়িত্ব | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | উপপরিচালক<br>বাংলাদেশ শিশু একাডেমি | সভাপতি ও ইনোভেশন অফিসার, ফোকাল পয়েন্ট অফিসার | | |
| ২. | অভিজিৎ বসাক<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>সিনিয়র সহকারী সচিব<br>বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য | ০১৭৯৯০৪৪৭৭৪ | avizitbasak@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জনাব তৃপ্তি কণা মন্ডল,<br>সহকারী পরিচালক (অনুষ্ঠান)<br>সিনিয়র সহকারী সচিব<br>বাংলাদেশ শিশু একাডেমি। | সদস্য | ০১৭৪০০৭৩৯৪৪ | triptyad@gmail.com |
| ৪. | জনাব মো: ইফতেখারুল আলম<br>প্রোগ্রাম অফিসার<br>বাংলাদেশ শিশু একাডেমি। | সদস্য সচিব | ০১৭১৫৪৭৩৩১০ | Iftekharulalam28@gmail.com |

**জয়িতা ফাওন্ডেশনের ইনোভেশন টিম**

| ক্রমিক নং | নাম ও পদবী | ইনোভেশন টিমে দায়িত্ব | মোবাইল | ইমেইল |
|---|---|---|---|---|
| ১ | নিপুল কান্তি বালা<br>পরিচালক (উপসচিব) | ইনোভেশন অফিসার | 01715-712069 | nipulbala@gmail.com |
| 2 | শরিফুননেছা<br>সহকারী ব্যবস্থাপক | সদস্য | 01866-304744 | jhuma.musfi@gmail.com |
| 3 | মনীষা নুসরাত<br>সহকারী ব্যবস্থাপক | সদস্য | 01725-286532 | monisha.nusrat2014@gmail.com |
| 4 | শারমিন আক্তার<br>সহকারী ব্যবস্থাপক | সদস্য | 01676-086109 | shawly076@yahoo.com |
| 5 | মোঃ রুকনুজ্জামান<br>সহকারী ব্যবস্থাপক | সদস্য | 01710-065484 | rukunuzzaman012@gmail.com |
| 6 | লুৎফুন নাহার খানম<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>সংযুক্ত: জয়িতা ফাউন্ডেশন | সদস্য | 01749-819422 | lutfun.wa@gmail.com |
| 7 | সবুজ দাস<br>সহকারী ব্যবস্থাপক | সদস্য | 01303-203546 | dassabuj92@gmail.com |

## ২০২০-২০২১ অর্থবছরের মন্ত্রনালয় এবং দপ্তর/সংস্থা হতে গৃহীত ইনোভেশন আইডিয়া এবং সেবা সহজীকরনের উদ্যোগ সমূহ

২০২০-২০২১ অর্থবছরের মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা হতে গৃহীত ইনোভেশন আইডিয়া সমূহ

| ক্রম | আইডিয়ার শিরোনাম | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | অপরাজেয় নারী | মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ২ | নির্ভয়ে পথচলা | মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৩ | আলোর ভূবনে নারী | মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৪ | কর্মজীবী মহিলাদের হোস্টেলে সীট বরাদ্দের জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া | জাতীয় মহিলা সংস্থা |
| ৫ | আনন্দমেলা-জয়িতা কর্নার | জয়িতা ফাওন্ডেশন |
| ৬ | অনলাইন কুইজ | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৭ | প্রতিষ্ঠান ডাইরেক্টরি | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

২০২০-২০২১ অর্থবছরের মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা হতে গৃহীত সেবা সহজীকরনের উদ্যোগ সমূহ

| ক্রম | সেবা সহজীকরণের শিরোনাম | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | সেলাই মেশিন বরাদ্দ প্রক্রিয়া সহজীকরণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | মহিলা আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋন বিতরণ কার্যক্রম সহজীকরণ | মহিলা বিষয়ক অধিদপ্তর |

## **উদ্ভাবনের শিরোনামঃ** প্রতিষ্ঠান ডাইরেক্টরি

**বাস্তবায়নকারীঃ** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়


**পটভূমিঃ**
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে অফিস সমূহে করোনা পরিস্থিতিতে প্রায়শই মন্ত্রণালয় পর্যায় হতে ই মনিটরিং এর প্রয়োজন হয়ে পড়ে। জেলা, উপজেলা পর্যায়ের সকল অফিসের তথ্য, দায়িত্বপ্রাপ্ত কমর্কর্তাদের তথ্য এক জায়গায় খুঁজে পেতে সমস্যার দেখা দেয়। যেমনঃ এই মুহূর্তে ব্রাক্ষণবাড়িয়া জেলায় অত্র মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা হতে কি কি অফিস অবস্থিত এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে আছেন এবং উনার যোগাযোগের তথ্য দ্রুত বের করতে বেশি সময়ের প্রয়োজন হয় এবং এক যায়গায় পাওয়াও যায় না। এই সুনির্দিষ্ট সমস্যাটিকে সমাধানের জন্যই একটি ইনোভেশন আইডিয়া গ্রহণ করা হয় যার নাম – প্রতিষ্ঠান ডাইরেক্টরি।

**উদ্ভাবনী উদ্যোগের আওতায় ডিজিটাল সেবা নির্মাণঃ**

- ✓ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে অফিস এবং কর্মকর্তা, কর্মচারীর একটি ডাটাবেজ প্রণয়ন করা।
- ✓ দ্রুত যোগাযোগ এবং ই-মনিটরিং এর জন্য প্রতিটি অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মোবাইল নম্বর এবং ইমেইল এড্রেস একটি সিংলে পয়েন্ট থেকে খুঁজে বের করা।
- ✓ বিভিন্ন ধরণের স্মার্ট ফিল্টারিং রাখাঃ

| **পদবী দিয়ে খুঁজে বের করাঃ** | **লোকেশন ভিত্তিক সার্চঃ** | **কর্মকর্তাদের নাম, মোবাইল দিয়ে সার্চ** |
|---|---|---|
| **উপপরিচালক**<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা**<br>**জাতীয় মহিলা সংস্থা'র জেলা পর্যায়ের কর্মকর্তা**<br>**জেলা শিশু কর্মকর্তা** | **বিভাগ**<br>**জেলা**<br>**উপজেলা** | |


**বাস্তবায়ন অগ্রগতি – চাকুরি সংক্রান্ত ও ব্যক্তিগত তথ্য সম্বলিত ফর্ম প্রণয়নঃ**



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্য ফর্ম**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম (বাংলা) | পুরণ করুন | | | | |
| নাম (ইংরেজী) | পুরণ করুন | | | | |
| জাতীয় পরিচয়পত্র নং | পুরণ করুন | | | | |
| মাতার নাম | পুরণ করুন | | | | |
| পিতার নাম | পুরণ করুন | | | | |
| মোবাইল নং (ব্যক্তিগত) | পুরণ করুন | | | | |
| বিকল্প মোবাইল নং | পুরণ করুন | | | | |
| ইমেইল এড্রেস (ব্যক্তিগত) | পুরণ করুন | | | | |
| জন্ম তারিখঃ দিন/মাস/বছর | | PRL এ গমনের তারিখঃ দিন/মাস/বছর | | | |
| স্থায়ী ঠিকানা | বিভাগঃ পুরণ করুন | জেলাঃ পুরণ করুন | উপজেলাঃ পুরণ করুন | | |
| মেইলিং ঠিকানা | পুরো ঠিকানা লিখুন | | | | |
| কোটাঃ পুরণ করুন | লিঙ্গঃ পুরণ করুন | বৈবাহিক অবস্থাঃ পুরণ করুন | ধর্মঃ পুরণ করুন | রক্তের গ্রুপঃ পুরণ করুন | |
| সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা | পুরণ করুন | | | | |
| সরকারী চাকুরীতে প্রথম যোগদানের তারিখঃ পুরণ করুন | | বর্তমান পদে যোগদানের তারিখঃ পুরণ করুন | | | |
| সর্বশেষ পদোন্নতি প্রাপ্ত পদঃ পুরণ করুন | | সর্বশেষ পদোন্নতি'র তারিখঃ দিন/মাস/বছর | | | |
| **বর্তমান পদায়নের তথ্য (নিয়মিত পদায়ন)** | | | | | |
| প্রতিষ্ঠান | পুরণ করুন | | | | |
| পদবী | পুরণ করুন | | | | |
| বিভাগঃ পুরণ করুন | জেলাঃ পুরণ করুন | উপজেলাঃ পুরণ করুন | | | |
| **সংযুক্তি'র তথ্য (বর্তমানে যদি থাকে)** | | | | | |
| প্রতিষ্ঠান পুরণ করুন | | পদবী পুরণ করুন | | | |
| বিভাগঃ পুরণ করুন | জেলাঃ পুরণ করুন | উপজেলাঃ পুরণ করুন | | | |



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**পোস্টিং সংক্রান্ত তথ্য (অতীতের সকল পদায়নের)**

| পদবী | প্রতিষ্ঠান | জেলা | উপজেলা | নিয়মিত/সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব | তারিখ (শুরু - শেষ) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

**পদোন্নতি সংক্রান্ত তথ্য**

| পদবী | যোগদানের তারিখ | বেতন গ্রেড | জিও নম্বর ও তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য**

| শিক্ষা প্রতিষ্ঠান | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | বিষয় | ডিগ্রী | সন | প্রাপ্ত বিভাগ/গ্রেড/সিজিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |


*** প্রয়োজন মোতাবেক কলাম অপরিবর্তিত রেখে ছকে সারি সংখ্যা বৃদ্ধি করুন।

সংযুক্তঃ
০১। জাতীয় পরিচয়পত্রের কপি
০২। সরকারি চাকুরীতে প্রথম যোগদানের জিও
০৩। বর্তমান পদে যোগদানের জিও

**বাস্তবায়ন অগ্রগতি**

- ✓ সফটওয়্যার এর **TOR** প্রস্তুতকরণ
- ✓ সফটওয়্যার ডেভেলপমেন্ট
- ✓ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে হোস্টিং
- ✓ দপ্তর/সংস্থা পর্যায় হতে একজন করে ফোকাল পার্সন নির্ধারন করণ
- ✓ দপ্তর/সংস্থা ভিত্তিক আলাদা ইউজার একাউন্ট প্রদান
- ✓ প্রতিটি দপ্তর/সংস্থা’র ফোকাল পার্সন তথ্য সংগ্রহ এবং সফটওয়্যার এ তথ্য হালনাগাদের কাজ করছেন

**নাগরিক গণের জন্য পাবলিক ড্যাশবোর্ডঃ**




**ভবিষ্যৎ পরিকল্পনাঃ** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় রাজস্ব ও প্রকল্পের মাঠ পর্যায়ের সকল অফিসের সাথে যোগাযোগের তথ্য এই ডাটাবেজে সংযুক্ত করা।

## **উদ্ভাবনের শিরোনামঃ** অপারাজেয় নারী

**বাস্তবায়নকারীঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর

**মুখবন্ধঃ**

উদ্ভাবনে সক্ষমতা অর্জনে নাগরিক সেবা সহজীকরন সময় সাশ্রয়ী ও ভোগান্তিমুক্ত করার লক্ষে এটুআই কার্যক্রমের আওতায় সদর কার্যালয়ের ২ দিনের প্রশিক্ষনে মনোনিত হয়ে অংশগ্রহনকারী হিসাবে "অপরাজেয় নারী" শীর্ষক উদ্ভাবন আইডিয়াটি গ্রহন করা হয় । মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ৬ টি বিভাগীয় শহরে নিজস্ব অবকাঠামোতে প্রতিষ্ঠিত নির্যাতিত নারী ও শিশুর আইনী সহায়তা ও আশ্রয় প্রদান কেন্দ্র 'মহিলা সহায়তা কমসূচি' এর খুলনা ও বরিশালে আইডিয়াটি বাস্তবায়ন করা হচ্ছে। আইডিয়াটি বাস্তবায়নে পাইলটিং শুরু হয় ১৫/১০/২০ তারিখ।

**পটভূমিঃ**

নির্যাতিতা, দু:স্থ, অসহায় নারী ও শিশুদের আইনী সহয়তা প্রদানসহ আবাসন কেন্দ্রে আশ্রয় প্রদানের লক্ষ্যে মহিলা সহায়তা কর্মসূচি চলমান। নিজস্ব অবকাঠামোয় পরিচালিত এই প্রতিষ্ঠানে খুলনা বিভাগের সকল জেলা উপজেলা হতে নির্যাতিতা নরীরা আইনী সহায়তা ও সালিশী মিমাংসার জন্য অত্র কার্যালয়ে অভিযোগ/আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে নোটিশ প্রদানের মাধ্যমে শুনানী গ্রহণ করে সালিশ মিমাংসা/আপোষ করা, আবার কখনো উভয় পক্ষ একমত না হলে উক্ত অভিযোগটি আদালতে মামলা দায়েরের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করা হয়। কিন্তু দেখা যায় অভিযোগকারীর অভিযোগের প্রেক্ষিতে বিবাদীপক্ষ অনেক সময় ধার্য তারিখে হাজির হয় না কিংবা ইচ্ছাকৃতভাবে বাদীকে হয়রানী করার জন্য সময় চেয়ে আবেদন করেন। যার ফলে বাদী কাঙ্খীত ফল পেতে দেরী হয় এমনকি মানসিক অশান্তি হতাশায় নিমর্যিত থাকে। এসব দিক বিবেচনা করে উক্ত আইডিয়াটি গ্রহণ করা হয়েছে। যেখানে সবোর্চ্চ ৬ মাসের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করা হবে এবং বাদীকে সকল প্রকারের দাবী দেনা পাওনা বুঝিয়ে দেয়া সহ নির্ধারিত নোটিশ ও ধার্য তারিখে উভয় পক্ষের উপস্থিত নিশ্চিত করণসহ দ্রুত সময়ে অভিযোটি নিষ্পত্তি করা এ আইডিয়ার মূল উদ্দেশ্য। পাশাপাশি আবাসন কেন্দ্রে আবস্থানরত বোটারদের শুধুমাত্র দর্জি প্রশিক্ষণ না দিয়ে বহুমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা ও আত্মপ্রত্যয়ী হওয়ার জন্য মনোবল দৃঢ় করার লক্ষ্যে আইডিয়াটি পাইলটিং করা হচ্ছে।

**উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের/সেবা সহজীকরণের পূর্বের অবস্থা (ছবি সহ)**

# মহিলা সহায়তা কর্মসূচির কার্যক্রমের প্রচারনা কম
# নির্যাতিতা নারীর আইনী সহায়তা প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতা
# পারিপার্শ্বিক চাপে অভিযোগ প্রত্যাহার ।
# বিবাদি পক্ষের ধার্য তারিখে অনুপস্থিত ও কালক্ষেপনে অভিযোগ নিস্পত্তিতে প্রতিবন্ধকতা সৃষ্টি ।

**চালুরত সেবা পরিপূর্ণভাবে প্রদান করতে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে/সেবা সহজীকরণে সক্ষম কিনা এবং কিভাবে (Method)**

দ্রুত সময়ে অভিযোগ নিস্পত্তির ব্যবস্থা ।

অভিযোগকারীর টিসিভি কমানো ।

গতিশিলতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত

নির্যাতিতাদের বহুমুখী প্রশিক্ষণ প্রদান করে সাবলম্বি আত্মপ্রত্যয়ী করা ।

অনুদান /সেলাই মেশিন প্রদানের মাধ্যমে পূর্নবাসন করা ।

**<u>আইডিয়া বাস্তবায়নে সমাধান প্রক্রিয়াঃ</u>**

অভিযোগকারীর আবেদন
আবেদন প্রাপ্তি সাপেক্ষে ১ম নোটিশ প্রদান
উভয় পক্ষের হাজিরা নিশ্চিত ধার্য্য তারিখে
উভয় পক্ষের বা এক পক্ষের অনুপস্থি সাপেক্ষে ২য় নোটিশ প্রদান
শুনানী গ্রহণ ও মিমাংসার প্রেক্ষাপট তৈরি
৩য় ধার্য্য তারিখে আপোষ মিমাংসা নিস্পত্তি /আদালতে অভিযোগ প্রেরণ
আবাসন কেন্দ্রের নির্যাতিতাদের বহুমুখী প্রশিক্ষণ প্রদান
প্রশিক্ষণ শেষে অনুদানের মাধ্যমে সাবলম্বী করা

**উদ্যোগ বাস্তবায়নের/সেবা সহজীকরণের পূর্বের অবস্থা বা ফলাফল (ছবি সহ)**

**<u>প্রত্যাশিত ফলাফল :</u>**

| বিবরন | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৩ মাস হতে ১ বছর | ২০০০/- হতে ৪০০০/- | ১০ -১৫ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৩মাস হতে ৬মাস | ২০০০/- | ৬বার |

**চ্যালেঞ্জ সমূহঃ**

# কর্মকর্তা কর্মচারীরা একই কর্মস্থলে দীর্ঘদিন থাকায় কাজে অনিহা ।
# মহিলা সহায়তা কর্মসূচি কার্যক্রমের প্রচারনা সীমিত ।
# নির্যাতিতাদের অনিহা অসেচনতা
# পারিপার্শ্বিক প্রভাবে প্রভাবান্বিত হয়ে অভিযোগ অমিমাংসিত থাকা ।

**উদ্ভাবন দল/ব্যক্তিঃ**

সাহেলা পারভীন, সহকারী পরিচালক (কে:ডে:), ‘মহিলা সহায়তা কমসূচী’ খুলনা ।

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিও**



অনুদান /সেলাই মেশিন প্রদান



শুনানী গ্রহণ করে সালিশ মিমাংসা/আপোষ করা



প্রশিক্ষণ কাযক্রম এর ছবি

# **উদ্ভাবনের শিরোনামঃ** আলোর ভূবনে নারী

**বাস্তবায়নকারীঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর

**মুখবন্ধ/ সার সংক্ষেপ ঃ**

১) নির্যাতিত নারী ও শিশুদের মানসিকভাবে উজ্জীবিত করার লক্ষ্যে কাউন্সিলিং করা।
২) নির্যাতিত নারীদের স্বাবলম্বী করার উদ্দেশ্যে কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা।
৩) নির্যাতিত নারীদের আত্মনির্ভরশীল হওয়ার সুয়োগ সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রদান করা।

**পটভূমিঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর নারী মতাতায়ন ও ''নারী উন্নয়ন '' মূলক কাযক্রম বাস্তবায়নে অন্যতম একটি অধিদপ্তর। এই অধিদপ্তরের আওতায় দেশের দুঃস্হ ,দরিদ্র, অবহেলিত, অনগ্রসর ও সুযোগ-সুবিধা বঞ্চিত নারী জনগোষ্ঠীকে দারিদ্র বিমোচনসহ সামাজিক নিরাপত্তা প্রদানের লক্ষ্যে নারী ক্ষমতায়ন ও উন্নয়নে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করে আসছে। তাছাড়া নির্যাতিত নারী ও শিশুদের আইনি সহায়তা ও পরামর্শ্ প্রদানের লক্ষে সদর কার্যালয় সহ প্রতিটি জেলা উপজেলায় '' নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ" কার্যর্ক্রম বাস্তবায়ন করছে।

বাংলাদেশের জনসংখ্যার ৬৪% নারী ও শিশু। এই জনসংখ্যার অধিকাংশ নারী ও শিশু শারিরীক ও মানসিকভাবে নির্যাতনের স্বীকার। নির্যাতিত নারী ও শিশুরা মানসিকভাবে বিপযসত হতাশাগ্রস্থ ও আর্থিকভাবে অস্বচ্ছল। নির্যাতনের ফলে অসহায় নারীরা সিদ্ধান্তহীনতায় ভোগে এবং অনেকক্ষেত্রে বিপথগামী হয় এমনকি আত্নহননের পথ বেছে নেয়।

নির্যাতিত অসহায় নারীদের কাউন্সেলিং এর মাধ্যমে মানসিকভাবে উজ্জিবীত করে কারিগরি প্রশিক্ষণ ও ক্ষুদুণ প্রদানের মাধ্যমে আত্মনির্ভ্রশীল করা হলে নির্যাতিত নারীরা বিপথ গামী না হয়ে দক্ষ জনসম্পদে উন্নীত হবে। ফলে নারী ক্ষমতায়ন ও নারী উন্নয়নে সরকারের প্রচেষ্টা বাস্তবায়িত হবে।

**উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণের বিষয়বস্তুঃ**

১। নির্যাতিত , দুঃস্থ,অবহেলিত, অনগ্রসর নারীদের মানসিকভাবে উজ্জিবীত করার লক্ষে মনোসামাজিক কাউন্সেলিং করা, সচেতনতা বৃদ্ধি করা।

২। নির্যাতিত অসহায় নারীদের শারিরীক ও মানসিক চিকিৎসাসহ সম্ভাব্য আইনগত সহায়তা প্রদান করা।

৩। নির্যাতিত, দুঃস্থ ,অবহেলিত, অনগ্রসর, অসহায় নারীদের বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনসম্পদে উন্নীত করা

৪। প্রশিক্ষণপ্রাপ্ত নারীদের আত্ম-কর্মসংস্থানের মহিলা বিষয়ক অদিদপ্তর ও সরকারের বিভিন্ন সংস্থার মাধ্যমে ক্ষুদ্রঋণ প্রদানের ব্যবস্থা করা।

উদ্ভাবন দল/ব্যক্তি

১। নাসরিন আক্তার , উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী।
২। মোমেনা বেগম, উপজেলা মহিলা বিষয়ক কর্ম্কর্তা, ছাগলনাইয়া, ফেনী।
৩। সায়মা জামান চৌধুরী, ট্রেড প্রশিক্ষক ( আইজিএ) উপজেলা মহিলা বিষয়ক কর্মাকর্তার কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী।
৪। তাহমিনা আক্তার, ট্রেড প্রশিক্ষক (আইজিএ) উপজেলা মহিলা বিষয়ক কর্ম্কর্তার কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী।

**উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে/সেবা সহজীকরণের কর্ম কৌশল**

| ক্রঃ নং | উদ্ভাবনী উদ্যোগ/ ধারনা বাস্তবায়নের লক্ষ্যে করণীয় কাজ | বাস্তবায়ন কারীর নাম ও পদবী | সময়কাল (মাস/তারিখ) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল |
| ০১ | অফিস প্রধান/উর্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা,অবহিতকরণ, অনুমতি গ্রহণ,টিম গঠন। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সাথে আলোচনা | টিম লিডার: | * | | | | | | |
| ০২ | উপকারভোগীদের নির্বাচন, মতামত গ্রহণ, মতামত একত্রীকরণ,আইডিয়া চূড়ান্তকরণ | সদস্য‘ক’ | | * | | | | | |
| ০৪ | কাউন্সেলিং / মতামত গ্রহণ তাং নির্ধারণ, স্থান নির্ধারণ,দলগঠন | | | | * | | | | |
| ০৫ | পাইলট করার জন্য বাজেট তৈরী সম্পদের সম্ভাব্য উৎস সমূহ সুনির্দিষ্টকরণ | | | | | * | | | |
| ০৩ | প্রশিক্ষণ ও মনোসামাজিক কাউন্সেলিং (একক) | | | | | * | * | * | |
| ০৬ | প্রশিক্ষণ ও মনোসামাজিক কাউন্সেলিং (দলগত) | | | | | * | * | * | |
| ০৭ | মনিটরিং ,মনিটরিং প্রতিবেদন তৈরী | | | | | | | * | |
| ০৮ | মূল্যায়ন , মূল্যায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও ডকুমেন্ট তৈরী | | | | | | | | * |

**উদ্যোগ বাস্তবায়নের/সেবা সহজীকরণের পূর্বের অবস্থা বা ফলাফলঃ**

আইজিএ প্রকল্প হতে এবং উপজেলা পরিষদের সহযোগীতায় জাইকা অর্থায়নে প্রশিক্ষনপ্রাপ্ত হতে বতর্মানে নির্যাতিত ভুক্তভগী নারীঃ সালমা আক্তার, ছেমনা আক্তার, রেহানা আক্তার, সাবিনা ইয়াছমিন, শর্মিলা আক্তারম শামীম আরা, সাহেদা আক্তার, ফাহিমা আক্তার, সাজিদা আক্তার টেইলারিং ও ব্লক-বাটিক ও নকশীকাথাঁর কাজ করে নিজে স্বাবলম্বী হওয়ার চেষ্টা করছে ।বতর্মানে তারা মানসিক মনোবল ফিরে পেয়েছে এবং তারা নিজেরা ঘরে বসে তাদের উৎপাদিত পণ্য বিক্রি করে আয় করছে।

**চ্যালেঞ্জ সমূহঃ**

১। মনোসামাজিক কাউন্সেলিং এর জন্য কর্মকর্তার সময়ের স্বল্পতা।
২। নির্যাতিত নারীর চাহিদা অনুসারে প্রশিক্ষণের অভাব।
৩। প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের প্রশিক্ষণ লব্ধগন বাস্তবায়নে/বাজারজাতকরণের ব্যবসাথা না থাক।
৪। সামাজিক ও পারিবারিক ভাবে নির্যাতিত নারীকে হেয় করা হয় বিধায় তারা ঘর থেকে বের হতে চায় না।

**উপসংহারঃ**

“আলোর ভূবনে নারী” এই উদ্যোগের মাধ্যমে নির্যাতিত নারীরা অল্প সময়ে খুব সহজে মহিলা বিষয়ক অফিসে যোগাযোগ করতে পারছে। সরকারিভাবে বিনা খরচে কারিগরী প্রশিক্ষণ ও ঋণ নিয়ে স্বাবলম্বী হয়ে মানসিক বিপর্যায় থেকে বেরিয়ে আত্মর্নিভরশীল হতে পারছে।

# **উদ্ভাবনের শিরোনামঃ** নির্ভয়ে পথচলা

**বাস্তবায়নকারীঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর

**সেবা সহজী করণের বিষয়বস্তুঃ**
যৌন হয়রানী বক্স স্থাপনের মাধ্যমে কমিউনিটি পর্যায়ে/স্কুল কলেজ পর্যায়ে যৌন হয়রানী কমিটি সক্রিয়করণ। উভয় পক্ষের অভিভাবকদের অবহিত করে আলোচনার মাধ্যমে যৌন হয়রানি থেকে কিশোরীদেরকে সুরক্ষা করা। ধারণাটি গ্রহণের আরও একটি উদ্দেশ্য হলো প্রথমেই "মোবাইল কোর্টের " মাধ্যমে শাস্তি না দিয়ে অভিভাবকসহ ছেলেটিকে যৌন হয়রানী বন্ধে উদ্বুদ্ধ করা হবে স্কুলের কমিটির মাধ্যমে কারণ অনেক ক্ষেত্রে অভিভাবকরা জানেই না যে, তার ছেলে এরূপ অন্যায় কাজে লিপ্ত আছে। পাশাপাশি একজন কিশোরী/ছাত্রী উত্যক্তের/যৌন হয়রানীর কথা মুখ ফুটে অভিভাবক বা শিক্ষককে বলতে পারে না, তা ছোট একটি কাগজে লিখে "যৌন হয়রানী বাক্সে" ফেলতে পারবে।

**পটভূমিঃ**
বর্তমান জনসংখ্যার একটি বড় অংশ কিশোর কিশোরী (ডেমেগ্রাফিক ডেভিডেন্ট অনুসারে)। এই কিশোর কিশোরীরাই আগামীতে নেতৃত্ব দেবে। তাই কিশোর-কিশোরীদের 'জেন্ডার সমতা' ধারণা দিয়ে কিশোরী তথা বিদ্যালয়গামী ছাত্রীদের সুরক্ষা দিয়ে তাদের নির্ভয়ে পথচলা নিশ্চিত করার জন্য উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা হয়েছে। অনেক সময় আমাদের সমাজে কিশোরী/স্কুলগামী ছাত্রীরা রাস্তাঘাটে বখাটে ছেলেদের দ্বারা যৌন হয়রানীর শিকার হয় কিন্তু অনেকে লজ্জায় বা ভয়ে তাদের উত্যক্ত হওয়ার ঘটনাটি তাদের শিক্ষক বা অভিভাবকদের কাছে প্রকাশ করে না। এতে করে একদিকে যেমন তার স্বাভাবিক জীবন-যাপন ব্যহত হয়ে মানষিক যন্ত্রণায় ভোগে অন্যদিকে পরীক্ষায় কাঙ্খিত ফলাফল লাভ করতে ব্যর্থ হয়। অনেক ক্ষেত্রে তারা পড়াশোনা বন্ধ করে দেয় আবার অনেক অভিভাবক বখাটেদের উপদ্রপের ভয়ে মেয়ের পড়াশোনা বন্ধ করে তাকে অল্প বয়সে বিয়ে দিয়ে দেয়। আবার এমনও দেখা গেছে কেউ কেউ আত্মহত্যার পথও বেছে নেয়। আমাদের উদ্ভাবনী ধারণাটির মাধ্যমে প্রত্যেকটা স্কুলে একটি করে "যৌন হয়রানী প্রতিরোধ বাক্স" স্থাপন করে সংশ্লিষ্ট স্কুলের যৌন হয়রানী প্রতিরোধ কমিটিকে সক্রিয় করা হবে। একটি মেয়ে তার যৌন হয়রানী বা নির্যাতনের বিষয়টি "যৌন হয়রানী প্রতিরোধ বাক্সে" গোপনে ছোট কাগজে লিখে ফেলবে। স্কুল কমিটি ৭ দিন পরপর বাক্সটি খুলে দেখবে এ সংক্রান্ত কোন অভিযোগ আছে কি-না। যদি অভিযোগ থাকে তাহলে ঐ কমিটির সকলে মিলে যৌন হয়রানীকারী ছেলেসহ তার অভিভাবকদের ডেকে বিষয়টি আলোচনা করবে। এতেও কাজ না হলে কমিটি সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে "উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে" উত্থাপনের অনুরোধ করবে এবং উপজেলা কমিটি মনে করলে 'মোবাইল কোর্ট' পরিচালনা করে শাস্তি প্রদান করে কিশোরী/ছাত্রীটির 'নির্ভয়ে পথচলা' নিশ্চিত করবে। ফলে সমাজ থেকে যৌন হয়রানী কমে যাবে। পাশাপাশি ছাত্রীদের ড্রপ আউটের হার এবং বাল্য বিয়ের হার কমে যাবে।

**চ্যালেঞ্জ সমূহঃ**

ক) উদ্যোগটি বাস্তবায়নে প্রথমেই স্কুল ও কলেজ পর্যায়ের "যৌন হয়রানী প্রতিরোধ কমিটি" সমূহের সদস্যগণকে প্রশিক্ষণ প্রদান করা একটি চ্যালেঞ্জ কারণ অনেক প্রতিষ্ঠান প্রধান জানেন না যে, যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত একটি কমিটি আছে।
ক) এলাকার বখাটে ছেলেদের কাছ থেকে বাঁধা।
গ) যৌন হয়রানী প্রতিরোধ বাক্স স্থাপনে অনেক প্রতিষ্ঠানের আগ্রহের অভাব।
ঘ) অভিভাবকদের সচেতনতার অভাব।
চ) টেকসইকরণে গৃহীত ব্যাবস্থাদি
ছ) টেকসইকরণে গৃহীত ব্যাবস্থাদি

**সুবিধাভোগী/ব্যবহারকারীঃ** কিশোরী, স্কুল কলেজগামী, ছাত্রীরাই মূলত এই উদ্যোগের সুবিধাভোগী।

**উদ্ভাবন দল/ব্যক্তিঃ**

| ক্রঃ নং | জেলা/উপ জেলার নাম | কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন, মোবাইল নম্বর ও ইমেইল | মেইল এড্রেস | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | বগুড়া | মোঃ শুহিদুল ইসলাম<br>উপপরিচালক (চঃ দাঃ) | ০৫১-৬৬২৩৬ (অফিস)<br>০১৭১১-৭৮১৮৪০ | bogra.dwao HYPERLINK "mailto:bogra.dwao@gmail.com" HYPERLINK "mailto:bogra.dwao@gmail.com" HYPERLINK "mailto:bogra.dwao@gmail.com"@gmail.com | টিম লিডার |
| ২. | বগুড়া সদর | লায়লুন নাজমা বেগম<br>প্রোগ্রাম অফিসার | টেলিফোনঃ ০৫১-৬৬২৩৬<br>মোবাইলঃ ০১৭১১-০৩৯১৭৭ | lailunnazma@gmail.com | সদস্য |
| ৩. | কাহালু, বগুড়া | তাঞ্জিমা আখতার<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১১-১৯৭২৬২ | tanjima.uwao@gmail.com | সদস্য |
| ৪. | নন্দীগ্রাম, বগুড়া | মোছাঃ খালেদা ইয়াসমিন<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১৭-১০১৩৭৫<br>টেলিফোনঃ ০৫০২৭৭৬১৪৫ | nandigram.uwao@gmail.com | সদস্য |
| ৫. | শাজাহানপুর, বগুড়া | রেবেকা সুলতানা<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১২১১১৩২৬ | uwaosb@gmail.com | সদস্য |
| ৬. | বগুড়া আদমদীঘি | ফারুক আহমেদ<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | ০১৭১২-৯৫৯৫৮২ | uwaoadamdighi@gmail.com | সদস্য |
| ৭. | বগুড়া ধুনট | মোঃ আশরাফ আলী<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১০-৭৯০৮৪০<br>টেলিফোনঃ ০৫০২৩৫৬২৩৯ | uwaodhunat@gmail.com | সদস্য |
| ৮. | বগুড়া শেরপুর | সুবির কুমার পাল<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১৭-৭৮৬১১৮৫<br>টেলিফোনঃ ০৫০২৯৭৭০৮০ | uwaosherpurbogra@gmail.com | সদস্য |
| ৯. | শিবগঞ্জ বগুড়া | মোছাঃ নাহিদা সুলতানা<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭১৮-৪৮৭৭৯৮<br>টেলিফোনঃ ০৫০৩৩৬৯০৬৮ | mina.uwao@gmail.com<br>uwaoshibganjbogura@gmail.com | সদস্য |
| ১০. | গাবতলী, বগুড়া | মোছাঃ অলিফা খাতুন<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭৩১-৪১০৭২২<br>টেলিফোনঃ ৭৫১২২ | alifashova HYPERLINK "mailto:alifashova87@gmail.com"87 HYPERLINK "mailto:alifashova87@gmail.com"@gmail.com | সদস্য |
| ১১. | দুপচাচিয়া, বগুড়া | মাহফুজা খাতুন<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৮১৬৩৪৯২৪৯ | uwaddupchanchia@gmail.com | সদস্য |
| ১২. | বগুড়া সারিয়াকান্দি | লায়লা পারভিন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা | মোবাইলঃ ০১৭৮২-০৪৬২৬৯<br>টেলিফোনঃ ৭৫১২২ | uwaosariakandi@gmail.com | সদস্য |

**কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছিলঃ**

যৌন হয়রানী বক্স স্থাপনের মাধ্যমে কমিউনিটি পর্যায়ে/স্কুল কলেজ পর্যায়ে যৌন হয়রানী কমিটি সক্রিয়করণ। উভয় পক্ষের অভিভাবকদের অবহিত করে আলোচনার মাধ্যমে যৌন হয়রানি থেকে কিশোরীদেরকে সুরক্ষা করা। ধারণাটি গ্রহণের আরও একটি উদ্দেশ্য হলো প্রথমেই "মোবাইল কোর্টের " মাধ্যমে শাস্তি না দিয়ে অভিভাবকসহ ছেলেটিকে যৌন হয়রানী বন্ধে উদ্বুদ্ধ করা হবে স্কুলের কমিটির মাধ্যমে কারণ অনেক ক্ষেত্রে অভিভাবকরা জানেই না যে, তার ছেলে এরূপ অন্যায় কাজে লিপ্ত আছে। পাশাপাশি একজন কিশোরী/ছাত্রী উত্যক্তের/যৌন হয়রানীর কথা মুখ ফুটে অভিভাবক বা শিক্ষককে বলতে পারে না, তা ছোট একটি কাগজে লিখে "যৌন হয়রানী বাক্সে" ফেলতে পারবে।

**উপকারভোগীঃ**

কিশোরী,স্কুল কলেজগামী, ছাত্রীরাই মূলত এই উদ্যোগের সুবিধাভোগী।

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ**

উপজেলা অফিসরগণের সাথে আলোচনা এবং টীম গঠন














স্কুলগামী ছাত্রীদের নির্ভেয়ে পথচলা উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে অবহিতকরণ

## উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণের শিরোনামঃ


শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের সীট বরাদ্দের নিমিত্ত অনলাইন আবেদনসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেমকে অনলাইনের মাধ্যমে বাস্তবায়ন।


**বাস্তবায়নকারীঃ** জাতীয় মহিলা সংস্থা


**পটভূমিঃ**

দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে অধিক সংখ্যক মহিলা জনগোষ্ঠীর কর্মসংস্থান অনসবীকার্য। জাতীয় মহিলা সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের অংশ হিসেবে কমপ্লেক্স প্রকল্পের আওতায় ২০০৭ সালের মার্চ থেকে একটি কর্মজীবী মহিলা হোস্টেল চালু হয়। কর্মজীবী মহিলাদের স্বল্প ব্যয়ে নিরাপদ আবসিক সুবিধা প্রদানের উদ্দেশ্যে জাতীয় মহিলা সংস্থা কমপ্লেক্স ভবনে প্রকল্পের আওতায় ৯ম থেকে ১২ তলায় ২০২ শয্যা বিশিষ্ট একটি কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ করা হয়। সিট খালি হওয়া সাপেক্ষে আবেদনকারী নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের অফিসে প্রেরণ করবে। প্রাপ্ত আবেদন ও কাগজপত্রাদি যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীদের নামের তালিকা প্রস্তুত করা হয়। প্রতিমাসের শেষ সপ্তাহে ন্যূনতম ৫ টি আবেদন পাওয়ার প্রেক্ষিতে ১টি সিট বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হবে। সিট বরাদ্দ কমিটির সভা শেষে সভার কার্যবিবরণী প্রস্তুত ও অনুমোদন করা হয়। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সিটপ্রাপ্তির বিষয়ে টেলিফোনের মাধ্যমে অবহিত করা হয়। নির্বাচিত প্রার্থী ও স্থানীয় অভিভাবক কর্তৃক অংগীকারনামা স্বাক্ষর ও টাকা জমাদানের মাধ্যমে হোস্টেলে সিট বরাদ্দ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। প্রতিমাসের ১ থেকে ১০ তারিখের মধ্যে সীট ভাড়া হোস্টেলের দপ্তরে রশিদের মাধ্যমে জমা দিতে হবে। একজন সেবাগ্রহীতাকে হোস্টেলে সিট প্রাপ্তির জন্য তথ্য সংগ্রহ, ভর্তি ফরম সংগ্রহ, ভর্তি ফরম জমা প্রদান, সিট বরাদ্দ কমিটির সভায় স্থানীয় অভিভাবকসহ অংগীকারনামা স্বাক্ষর, এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে কমপক্ষে পাঁচবার হোস্টেল অফিসে আসার প্রয়োজন হয়। ফলে যাতায়াত খরচ, সময় ও শ্রমের অপচয় হয়। নাগরিক যাতায়াত খরচ, সময় ও শ্রমের অপচয় কমানোর জন্য শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের সীট বরাদ্দের নিমিত্ত অনলাইন আবেদনসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেমকে অনলাইনের মাধ্যমে বাস্তবায়নের জন্য উদ্ভাবনী উদ্যোগ নেয়া হয়।

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ**




Not secure | 114.31.10.20:8081
শহীদ আইভী রহমান কর্মজীবী মহিলা হোস্টেল
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সংস্থা সম্পর্কিত
সংস্থার কমিটি
হোস্টেল
গ্যালারী
নোটিশ
যোগাযোগ
লগইন
English

## উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণের শিরোনামঃ

অনলাইন কুইজ আয়োজন

**বাস্তবায়নকারীঃ** বাংলাদেশ শিশু একাডেমি

**উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণের বিষয়বস্তুঃ** বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো, মুক্তিযুদ্ধ, আন্তর্জাতিক ও সমসাময়িক বিষয়ের উপর কুইজ।

**ব্যবহারকারীঃ** ৬-১৮ বছরের শিক্ষার্থীরা অন-লাইন কুইজ আয়োজনে অংশগ্রহন করতে পারে। দেশের যেকোন স্থানের শিক্ষার্থীরা অনলাইনে রেজিষ্ট্রেশনের মাধ্যমে এতে অংশগ্রহন করতে পারে।

**সুবিধাভোগীঃ**

দেশের যেকোন স্থানের ৬-১৮ বছরের শিক্ষার্থীরা ।

**উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের/সেবা সহজীকরণের পূর্বের অবস্থা :**

বাংলাদেশ শিশু একাডেমির লাইব্রেরি শাখার মাধ্যমে ইতোপূর্বে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সেখানে শিক্ষার্থীরা সরাসরি উপস্থিত হয়ে কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

**উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে/সেবা সহজীকরণে সংশ্লিষ্টদের সংযুক্ত করা যাচ্ছে কিনা এবং এগুরো সহজবোধ্য কিনাঃ**

উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে অনলাইনে শিক্ষার্থীদের সহজেই সংযুক্ত করা যাচ্ছে।

**চালুরত সেবা পরিপূর্ণভাবে প্রদান করতে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে/সেবা সহজীকরণে সক্ষম কিনা এবং কিভাবে (Method)ঃ**

বাংলাদেশ শিশু একাডেমির জেলা কার্যালয়ের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগ পরিপূর্ণভাবে বাস্তবায়ন করা যেতে পারে।

**উদ্দতাবনী উদ্যোগ বাস্তবায়নে/সেবা সহজীকরণের কর্মকৌশলঃ**

অন-লাইনের মাধ্যমে এই কুইজ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। ৬-১৮ বছরের শিক্ষার্থীরা এই আয়োজনে অংশগ্রহন করতে পারছে। অনলাইনে রেজিষ্ট্রেশনের মাধ্যমে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। দেশের যেকোন স্থানের শিক্ষার্থীরা এতে অংশগ্রহন করতে পারে। বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো, মুক্তিযুদ্ধ, আন্তর্জাতিক ও সমসাময়িক বিষয়ের উপর কুইজ অনুষ্ঠিত হয়ে থাকে। বাংলাদেশ শিশু একাডেমির একজন কর্মকর্তা কুইজ মাস্টারের দায়িত্ব পালন করে থাকেন। দুই রাউন্ডে কুইজ অনুষ্ঠিত হয়। প্রথম রাউন্ডে কুইজ মাস্টার শিক্ষার্থীদের প্রশ্ন করবেন এবং দ্বিতীয় রাউন্ডে শিক্ষার্থী শিশুরা একে অন্যকে প্রশ্ন করবে। এভাবে কুইজ অনুষ্ঠান চলতে থাকে। প্রতি সপ্তাহে প্রস্তুতকৃত সিডিউল অনুযায়ী কুইজ অনুষ্ঠান আয়োজন করা হয়ে থাকে। কুইজ শেষে সকল অংশগ্রহনকারী শির্ক্ষার্থীদেরকে ডিজিটাল সার্টিফিকেট প্রদান করা হবে।

**উদ্যোগ বাস্তবায়নের/ সেবা সহজীকরণের পূর্বের অবস্থা বা ফলাফলঃ**

বাংলাদেশ শিশু একাডেমির লাইব্রেরি শাখার মাধ্যমে ইতোপূর্বে শিক্ষার্থীদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ফলে যাতায়াতসহ বিভিন্ন সমস্যার কারণে দেশের প্রত্যন্ত এলাকার শিক্ষার্থীরা কুইজ প্রতিযোগিতায় অংগ্রহণ করতে সক্ষম হতো না।

**চ্যালেঞ্জসমূহঃ**

১।ডিজিটাল ডিভাইস ব্যবহার করা একটি বড় চ্যালেঞ্জ।

২। নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা চালু রাখা।

**উদ্ভাবন দল/ব্যক্তিঃ**

১। জনাব তৃপ্তি কনা মন্ডল, সহকারী পরিচালক (উপপরিচালক, রুটিন দায়িত্ব), বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২। জনাব অভিজিৎ বসাক, সহকারী পরিচালক(প্রশাসন),বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৩। জনাব রেজিনা আক্তার, লাইব্রেরিয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৪। জনাব মো. ইফতেখারুল আলম, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

বৈশ্বিক মহামারী করোনার কারণে শিক্ষার্থীদের একঘেয়েমি দূর করার পাশাপাশি বুদ্ধিবৃত্তীয় চর্চায় উৎসাহিত করার জন্য অনলাইন কুইজ আয়োজন খুবই গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করতে পারে। এতে শিক্ষার্থীরা তথ্য প্রাপ্তির জন্য বিভিন্ন মাধ্যম ব্যবহারে উৎসাহিত হবে, নিজের দেশ, জাতির পিতা, মুক্তিযুদ্ধ ও সমসাময়িক বিশ্ব সম্পর্কে জানবে এবং জ্ঞান ও তথ্যভিত্তিক সমাজ গঠনে ভূমিকা রাখতে পারবে।







জাতীয় শিশু-কিশোর
কুইজ
উৎসব
মুক্ত জ্ঞানের আলোয় উজ্জ্বল হোক ধরা
জাতীয় শিশু-কিশোর কুইজ উৎসব '১৬
আঞ্চলিক উৎসব
আয়োজনেঃ বাংলাদেশ শিশু একডেমী
সহযোগিতায়ঃ কুইজার্স বাংলাদেশ
বাংলাদেশ
শিশু একাডেমী

## উদ্ভাবনের শিরোনামঃ

কোভিড-১৯ পরিস্থিতিতে আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপন

**বাস্তবায়নকারীঃ** জয়িতা ফাউন্ডেশন

UNDP ও Ekshop: a2i এর যৌথ উদ্যোগে স্থাপিত 'আনন্দমেলা' অনলাইন প্ল্যাটফর্মে (অংশীদারিত্বের মাধ্যমে) জয়িতা কর্নার স্থাপন করা হয়েছে, যেখানে জয়িতার নারী উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিপণনের সুযোগ পাচ্ছেন।

**পটভূমিঃ**

২০১১ সালের ১৬ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জয়িতা ফাউন্ডেশনের শুভ উদ্বোধন করেন। সেই থেকে জয়িতা ফাউন্ডেশন নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে। নারীকে ব্যবসা উদ্যোগে সব ধরনের সমর্থন ও সহায়তা প্রদান করে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জয়িতা ফাউন্ডেশন দায়বদ্ধ। কোভিড-১৯ শুরু হওয়ার পর থেকে পৃথিবীর অন্যান্য দেশের মত বাংলাদেশেও জনসাধারণের স্বাভাবিক চলাফেরা ব্যাহত হয় এবং উদ্যোক্তাদের ব্যবসা-বাণিজ্য ব্যাপক ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়। জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদেরও ব্যবসার ব্যাপক ক্ষতি হয়। জয়িতার স্টলগুলোতে ক্রেতারা সশরীরে এসে কেনাকাটা করতে পারছেন না। ব্যবসা বাণিজ্যের এ ক্ষতি থেকে উত্তরণের জন্য জয়িতা ফাউন্ডেশন অনলাইন ব্যবসা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করে। তারই পরিপ্রেক্ষিতে জয়িতা ফাউন্ডেশন নারী উদ্যোক্তাগণের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিপণনের জন্য UNDP ও Ekshop: a2i এর সহযোগিতায় আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করে। কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নারী উদ্যোক্তারা এই প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে সহজেই ক্রেতার কাছে তাদের পণ্য পৌঁছে দিতে পারছেন

**বিদ্যমান সমস্যাঃ**

- প্রযুক্তির ব্যবহারে অদক্ষতা
- এন্ড্রয়েড মোবাইল ফোন না থাকা
- ধীর গতিসম্পন্ন ইন্টারনেট
- ইন্টারনেট সংযুক্তির অধিক মূল্য
- আপলোডের জন্য সঠিক পণ্য নির্বাচন
- নিজস্ব পণ্যের অপর্যাপ্ততা
- বিদ্যমান কোভিড পরিস্থিতিতে নারী উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন

বাস্তবায়নে চ্যালেঞ্জ কিভাবে মোকাবেলা করা হয়েছিলো

- জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের আনন্দমেলা প্ল্যাটফর্মে **'জয়িতা'** নামে একটি কর্নার স্থাপন করা হয়েছে যাতে উদ্যোক্তাগণ আলাদাভাবে পণ্য প্রদর্শনপূর্বক বিক্রয়ের ব্যবস্থা করতে পারে।
- জয়িতার নারী উদ্যোক্তাদের ই-বাণিজ্যে সম্পৃক্তকরণে গত ০৪.০৭.২০২০ তারিখে ইউএনডিপি ও একশপ এর সহযোগিতায় **'আনন্দমেলা'** প্ল্যাটফর্ম এর ব্যবহার শীর্ষক ৩ ঘন্টার অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়।
- আনন্দমেলা প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশনের জন্য জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের আইডি নম্বর প্রদান করা হয় এবং প্রদত্ত আইডির মাধ্যমে তারা আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নারে তাদের পণ্য আপলোড করতে পারছেন।
- অনলাইনে পণ্য বিক্রয়ের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের আওতায় নারী উদ্যোক্তাদের জন্য ওয়ার্কশপের আয়োজন করা হয়।


**সুদূর প্রসারী কি কি অবদান রাখবেঃ**


জয়িতার নারী উদ্যোক্তাগণ সহজেই আনন্দমেলা প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশনের মাধ্যমে এই সেবার সাথে সংযুক্ত হতে পারেন। রেজিস্ট্রেশন করার পর প্রত্যেক নারী উদ্যোক্তাকে আইডি নম্বর দেয়া হয় যার মাধ্যমে সহজেই নারী উদ্যোক্তাগণ আনন্দমেলা প্ল্যাটফর্মের জয়িতা কর্নারে তাদের পণ্য আপলোড ও বিক্রয় করতে পারেন।

**উপকারভোগীঃ**

জয়িতার নারী উদ্যোক্তাগণ এবং দেশের বিভিন্ন অঞ্চলের ক্রেতাগণ।

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ**



# সেবা সহজীকরণ ২০২০-২০২১

# সেবা সহজীকরনের শিরোনাম

## সেলাই মেশিন বরাদ্দ প্রক্রিয়া সহজীকরণ

**কার্যালয়ের নামঃ** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**পটভূমিঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় 'জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত শিশু' ভিশন বাস্তবায়নে 'নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে তাঁদের সামগ্রিক উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণে কাজ করছে। 'মহিলা বিষয়ক অধিদপ্তর' এই মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। নারীর আত্মকর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য এ অধিদপ্তরের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। জেলা এবং উপজেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয়সমূহে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের সেলাই প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। অনেকক্ষেত্রে দুঃস্থ, অসহায় ও আর্থিকভাবে অস্বচ্ছল নারীদের পক্ষে সেলাই মেশিন ক্রয় করে তার প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার করা সম্ভব হয়না। ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও অসহায় নারীর পক্ষে আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণের সুযোগ থাকে না। প্রশিক্ষিত নারী এবং সেলাই কাজে দক্ষ দুঃস্থ ও অসহায় নারীদের উৎপাদনের মূলধারায় সম্পৃক্ত করা ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অধিদপ্তরের অনুকূলে প্রতি অর্থ বছরে নির্ধারিত খাতে প্রদত্ত থোক বরাদ্দ হতে সেলাই মেশিন ক্রয় করে মহিলাদের মধ্যে বিতরণ করা হয়। সমাজের অনগ্রসর মহিলাদের অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনের মাধ্যমে স্বনির্ভর করে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করাই এ কার্যক্রমের মূল উদ্দেশ্য।

**সেবা সহজীকরনের বিষয়বস্তুঃ**

| প্রধান সমস্যা | সমস্যার মূল কারণসমূহ | ভোগান্তি |
|---|---|---|
| ১। দীর্ঘ প্রক্রিয়া ।<br>২। অতিরিক্ত সময় ব্যয়<br>৩। সঠিক সময়ে সেলাই মেশিন প্রাপকের অবহিত না হওয়া<br>৪। ডুপ্লিকেশন | ১। আবেদন পত্র গ্রহণ থেকে বিতরণ পর্যন্ত অনেকগুলি ধাপ অতিক্রম করতে হয়।<br>২। ডাকযোগে প্রেরিত জিও প্রাপকের নিকট সঠিক সময়ে না পৌছানো<br>৩। ডাটাবেইজ না থাকা | ১। বরাদ্দ প্রক্রিয়ার দীঘসূত্রিতার জন্য আবেদনকারীদের সেলাই মেশিন পেতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়।<br>২। ডুপ্লিকেশনের ফলে প্রশাসনিক জটিলতা |

'সেলাই মেশিন ক্রয়, বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২১' - এর আলোকে সহজীকৃত পদ্ধতিতে নাগরিকগণ অনলাইনে আবেদন ফর্ম এবং মাইগভ প্ল্যাটফর্ম থেকে আবেদন করতে পারবেন।

**দল/ব্যক্তিঃ**

| | কর্মকর্তার নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | ইমেইল | ভূমিকা |
|---|---|---|---|---|---|
| ১ | মোহাম্মদ মাশহুদুল কবীর | উপসচিব, মশিবিম | ০১৭১৭০০০৭৮৬ | mashhud.tutu@gmail.com | বিজনেস প্রসেস রি-ইঞ্জিয়ারিং |
| ২ | মোঃ ইনামুল হক | প্রোগ্রামার, মশিবিম | ০১৭৩৪৬৪৬৮০২ | enamulmowca@gmail.com | সফটওয়্যার এবং ইন্টিগ্রেশন |

**সুবিধাভোগী কারা:**

**ক. ব্যক্তি:**

i. সেলাই মেশিন বরাদ্দের উপযোগী ব্যক্তি ১৮-৬০ বছর বয়স্ক মহিলা হবেন।

ii. অসহায়, দুঃস্থ, বিধবা, সেলাই মেশিন চালনায় সক্ষম শারীরিক প্রতিবন্ধী মহিলাগণ ও সামাজিক প্রতিবন্ধী (Transgender) সেলাই মেশিন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

iii. বিভাগীয় শহরে পরিচালিত 'মহিলা সহায়তা কর্মসূচীর' আওতাধীন 'মহিলা সহায়তা কেন্দ্র', One Stop Crisis Centre (OCC) এবং নিরাপদ হেফাজতী কেন্দ্রে আশ্রিতা, নির্যাতিতা মহিলাদের মধ্যে সেলাই প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের আর্থিক অবস্থা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে।


iv. কোন ব্যক্তি একবার সেলাই মেশিন বরাদ্দ পেলে পরবর্তী ০৫ (পাঁচ) বছরে সেলাই মেশিনের বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।

**খ. প্রতিষ্ঠান:**

i. প্রতিষ্ঠানের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরো, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজ সেবা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি/প্রতিষ্ঠান ও সরকার কর্তৃক পরিচালিত ও অনুমোদিত মহিলাদের সেলাই বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/ সংগঠন/ সংস্থাকে সেলাই মেশিন বরাদ্দ প্রদান করা যাবে।

ii. বরাদ্দপ্রাপ্ত সেলাই মেশিনসমূহ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কাজে ব্যবহার করতে হবে। ব্যক্তি পর্যায়ে বিতরণ করা যাবে না।

<u>**সেলাই মেশিন বরাদ্দ প্রক্রিয়া সহজীকরণ – বিদ্যমান প্রসেস ম্যাপ**</u>



## সেবার বিদ্যমান পদ্ধতির সমস্যাঃ

**প্রধান সমস্যা**

১। দীর্ঘ প্রক্রিয়া ।
২। অতিরিক্ত সময় ব্যয়
৩। ডুপ্লিকেশন ।

**সমস্যার মূল কারণসমূহ**

১। আবেদন পত্র গ্রহণ থেকে বিতরণ পর্যন্ত অনেকগুলি ধাপ অতিক্রম করতে হয়।
২। ডাটাবেইজ না থাকা


**ভোগান্তি**

১। বরাদ্দ প্রক্রিয়ার দীঘসূত্রিতার জন্য আবেদনকারীদের সেলাই মেশিন পেতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়।
২। ডুপ্লিকেশনের ফলে প্রশাসনিক জটিলতা

## সমস্যার সমাধান

- বরাদ্দ প্রক্রিয়ার ধাপ কমানো
- সেলাই মেশিন গ্রহীতাদের ডাটা বেইজ তৈরী
- সময় নির্দিষ্টকরণ

# প্রস্তাবিত প্রসেস ম্যাপ




জনবল : ৪০
ধাপ : ১৭
সময় : ২ মাস

**সমস্যার সমাধান**

১। বরাদ্দ প্রক্রিয়ার ধাপ কমানো
২। সময় নির্দিষ্টকরণ

**ভবিষ্যৎ পরিকল্পনা**

১। নাগরিক গণের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণের জন্য সফটওয়্যার নির্মাণ কাজ চলমান
২। ডিজিটাল সেবা হিসেবে ডাটাবেজ প্রস্তুতকরণের কাজ চলমান


**ফলাফল (সেবা গ্রহীতার জন্য)**


| | সময় (দিন) | খরচ (টাকা) | যাতায়াত (বার) |
|---|---|---|---|
| **আইডিয়া বাস্তবায়নের পূর্বে** | ৪ মাস ২১ দিন | - | - |
| **আইডিয়া বাস্তবায়নের পরে** | ২ মাস | - | - |
| **পার্থক্য** | ২ মাস ২১ দিন | | |
| **অন্যান্য (যদি থাকে, যেমন- গুণগত পরিবর্তন)** | • এ প্রক্রিয়ায় দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।<br>• বিদ্যামান প্রক্রিয়া থেকে ৫টি ধাপ কমবে।<br>• সেলাই মেশিন গ্রহীতাদের ডাটা বেইজ তৈরী হবে এবং ডুপ্লিকেশন বন্ধ হবে। | | |

**চ্যালেঞ্জঃ**


- সংসদ সদস্যগণ থেকে যথাসময়ে ডিও প্রাপ্তি
- অফিস স্টাফদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে অতিরিক্ত সময় ও শ্রম ব্যবহার করে কার্যক্রম সম্পন্ন করা।
- সংশ্লিষ্ট জেলায় সেলাই মেশিন পৌছানো
- সঠিক উপকারভোগী নির্বাচন

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিও**








প্রস্তাবিত সহজীকরণ পদ্ধতিতে সেবা প্রদানের নিমিত্তে ইতিমধ্যে ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে 'সেলাই মেশিন ক্রয়, বরাদ্দও ব্যবস্থাপনা নীতিমালা ২০২১' জারী করা হয়েছে। (ওয়েবসাইটে নীতিমালা সেকশনে আপলোড করা রয়েছে।)




সেলাই মেশিন ক্রয়, বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২১









## সেবা সহজীকরণের শিরোনামঃ

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

**কার্যালয়ের নামঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর

**পটভূমিঃ**

দুঃস্থ ও অসহায় মহিলাদের ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র বিমোচন ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। দেশের অবহেলিত ও বঞ্চিত মহিলা জনগোষ্ঠির আত্মসচেতনতা বৃদ্ধি, তাদের অধিকার সংরক্ষণ ও উৎপাদন শীলতার দিক উম্মোচন করে তাদেরকে আত্ম নির্রশীল করে গড়ে তোলাই এ কার্যক্রমের প্রকৃত লক্ষ্য ও উদ্দেশ্য। মহিলারা ঋণের অর্থ দিয়ে বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি যেমন সেলাই মেশিন ক্রয়, গরু-ছাগল ও হাসঁ-মুরগী পালন, ক্ষুদ্র ব্যবসা, মৎস্যচাষ, নার্সারী ইত্যাদি কাজ করে জীবিকা নির্বাহ করে থাকে। এছাড়াএ ঋণ কর্মসূচির মাধ্যমে মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নের প্রয়োজনীয় কার্যক্রম যেমন-স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার,ছেলে-মেয়েদের স্কুলে প্রেরণ, জন্মনিবন্ধন, জন্ম নিয়ন্ত্রণ, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, শিশুদের রোগ প্রতিষেধক টিকা ইনজেকশন প্রদান, বিশুদ্ধ পানি পান , যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ ইত্যাদি বিষয়ে সচেতন করা হয়ে থাকে ।

**সেবা সহজীকরনের বিষয়বস্তু:**

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বিতরন কার্যক্রম সহজীকরণ


**সুবিধাভোগী কারা:**


মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের তৃণমূল পর্যায় হতে যে সকল দুঃস্থ ও অসহায় মহিলা ঋণ গ্রহণ করতে চায়।

**চ্যালেঞ্জঃ**

উপকারভোগীরা অল্পশিক্ষিত/অশিক্ষিত হওয়ায় নিজে নিজে অনলাইন হতে আবেদনপত্র ডাউনলোড করে পূরণ করে পূনরায় আনলাইনে জমা করা কঠিন হবে। তবে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের সহযোগীতায়, ইউনিয়ন পরিষদের তথ্য কেন্দ্রের মাধ্যমে ঋণ গ্রহীতাকে অভ্যস্থ করা সম্ভব। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালযের জনবল স্বল্পতার কারণ।

# মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম






**উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি**

মাঠ পর্যায়ে দুঃস্থ ও অসহায় মহিলারা এই সুবিধা ভোগ করে থাকেন। মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের তৃণমূল পর্যায় হতে যে সকল দুঃস্থ ও অসহায় মহিলা ঋণ গ্রহণ করতে চায়।

উদ্ভাবন দল/ব্যক্তি

লাকসানা লাকী, সহকারী পরিচালক, ক্ষুদ্রঋণ

**টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিও**



## উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক ০১ দিনের কর্মশালা




## উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ কর্মশালা (০৫-০৬-২০২১ খ্রিঃ)






# ইনোভেশন শোকেসিং (১১-০৫-২০২১ খ্রিঃ)

২০২০-২০২১ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা হতে ৯ টি ইনোভেশন আইডিয়া এবং ০২ টি সেবা সহজীকরণের উদ্যোগ পাইলটিং এর জন্য নির্বাচন করা হয়েছিল। তন্মধ্যে ০৭ টি ইনোভেশন আইডিয়ার এবং ০২ টি সেবা সহজীকরণের পাইলটিং সম্পন্ন হয়েছিল যার বিস্তারিত উপস্থাপনা উদ্ভাবকবৃন্দ এই শোকেসিং এ করেছিলেন। অনলাইনে অনুষ্ঠিত এই শোকেসিং এ মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি সহ দপ্তর/সংস্থার প্রধানগণ, চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন অফিসার এবং সংশ্লিষ্ট উদ্ভাবন ও সেবা সহজীকরণের সাথে সংশ্লিষ্ট উদ্ভাবকগণ ছিলেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের সম্মানিত সচিব মহোদয়ের উপস্থিতিতে সকল উদ্ভাবনের অনলাইনে প্রেজেন্টেশন করা হয়েছিল।



## শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন

ইনোভেশন শোকেসিং এ উপস্থাপিত উদ্ভাবনী উদ্যোগ সমূহের মধ্যে থেকে পরবর্তীতে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ সমূহ যথাযথ অনুমোদন সাপেক্ষে অফিস আদেশের মাধ্যমে নির্বাচন করা হয়। অফিস আদেশটি সোশ্যাল মিডিয়া এবং তথ্য বাতায়নের মাধ্যমে মন্ত্রণালয়ের আওতাধীন সকল অফিসে প্রচার হয়।

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৫৩

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৮
২২ মে ২০২১

**অফিস আদেশ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ১১ মে ২০২১ তারিখে আয়োজিত উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) এ ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ এবং সেবা সহজীকরণ সমূহের মধ্যে থেকে নিম্নোক্ত ভাবে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসমূহ ও সেবা সহজীকরণ নির্বাচন করা হলঃ

**শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসমূহঃ**

| অবস্থান | শিরোনাম | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| প্রথম | নির্ভয়ে পথচলা | মহিলা বিষয়ক অধিদপ্তর |
| দ্বিতীয় | অনলাইন কুইজ আয়োজন | বাংলাদেশ শিশু একাডেমি |
| তৃতীয় (যৌথভাবে) | কর্মজীবী মহিলাদের হোস্টেলে সীট বরাদ্দের জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া | জাতীয় মহিলা সংস্থা |
| | আনন্দমেলা-জয়িতা কর্নার | জয়িতা ফাউন্ডেশন |

**শ্রেষ্ঠ সেবা সহজীকরণঃ**

| শিরোনাম | বাস্তবায়নকারী |
| --- | --- |
| সেলাই মেশিন বরাদ্দ প্রক্রিয়া সহজীকরণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

২২-৫-২০২১
মোঃ ইনামুল হক
প্রোগ্রামার
ফোন: ৯৫৪০২০৫
ইমেইল:
programmer@mowca.gov.bd

## সম্মাননা সনদ প্রদান

শ্রেষ্ঠ উদ্ভাবনী আইডিয়া প্রদানকারী এবং বাস্তবায়নকারী সকল উদ্ভাবককে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় স্বাক্ষরিত সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## সনদের নমুনা কপি



শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় 'নির্ভয়ে পথচলা' শীর্ষক উদ্ভাবন আইডিয়াটি প্রথম স্থান অর্জন করেছে।

উদ্ভাবন আইডিয়া সৃজনে উল্লেখযোগ্য অবদান রাখায় সংশ্লিষ্ট উদ্ভাবক জনাব মোঃ শহিদুল ইসলাম, উপপরিচালক, বগুড়া, মহিলা বিষয়ক অধিদপ্তর কে এই সম্মাননা প্রদান করা হল।

মোঃ সায়েদুল ইসলাম
সচিব

# ডিজিটাল সেবা সমূহ

২০২০-২০২১ অর্থবছরে ইনোভেশন ও সেবা সহজীকরণ আইডিয়া সমূহ হতে মোট ০৩ টি ডিজিটাল সেবা প্রস্তুত করা হয়েছেঃ

১। সেলাই মেশিন বরাদ্দের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ
২। মাঠ পর্যায়ের সকল কর্মচারীদের তথ্য সন্নিবেশের জন্য প্রতিষ্ঠান ডাইরেক্টরি সফটওয়্যার প্রস্তুতকরণ
৩। জাতীয় মহিলা সংস্থা'র হোস্টেল এ অনলাইনে আবেদন এবং হোস্টেলের অন্যনায় ব্যবস্থাপনা অটোমেশন। উল্লেখ্য, এই সফটওয়্যার এর সাথে মাইগভ প্ল্যাটফর্মের ইন্টিগ্রেশন করা হয়েছে এবং একপে এর মাধ্যমেও বোর্ডারগণ অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে পারবেন।

প্রতিটি সেবার লিঙ্ক মন্ত্রণালয় এবং স্ব স্ব দপ্তর/সংস্থা'র ওয়েবসাইটে দেয়া আছে।

---

# সমাপ্ত